সংবাদ

তারিখ ... 19 FEB 20
পৃষ্ঠা - 2 কলাম

# একুশে পদক পাচ্ছেন নয় বিশিষ্ট ব্যক্তি

২০০৮ সালের একুশে পদক পেলেন ৯ জন। পদকপ্রাপ্তরা হলেন– গবেষণায় ডা. নাজমা চৌধুরী, সংগীতে খোন্দকার নুরুল আলম, ওয়াহিদুল হক, শ্যামসুন্দর বৈষ্ণব ও শেফালী ঘোষ, শিক্ষায়– প্রফেসর ড. মোজাফফর আহমদ, ভাষাসৈনিকে– খালেক নওয়াজ খান, সমাজ সেবায়– অধ্যাপক ডা. জোহরা বেগম কাজী ও সাহিত্যে– কবি দিলওয়ার খান।

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ২০ ফেব্রুয়ারি সকাল ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে একুশে পদক প্রদান করবেন।

উল্লেখ্য, ৯ জনের মধ্যে পাঁচ জন মৃত্যুবরণ করায় তাদের পক্ষে পদক গ্রহণ করবেন মরহুম ওয়াহিদুল হকের পক্ষে- তার কন্যা অপালা ফরহত নবেদ, প্রয়াত শ্যামসুন্দর বৈষ্ণবের পক্ষে- তার স্ত্রী শ্রীমতি রেনু বৈষ্ণব, প্রয়াত শেফালী ঘোষের পক্ষে- তার স্বামী ননী গোপাল দত্ত, মরহুম খালেক নওয়াজ খানের পক্ষে- তার স্ত্রী খুরশীদ বানু খান এবং মরহুম অধ্যাপক ডা. জোহরা বেগম কাজীর পক্ষে তার ভ্রাতুষ্পুত্র কাজী আবদুস সবুর।

ওসমানী স্মৃতি মিলনায়তনে সকাল ১০টায় একুশে পদক প্রদান অনুষ্ঠানটি বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন সরাসরি সম্প্রচার করবে। বেসরকারি রেডিও স্টেশন ও টিভি চ্যানেলগুলোও অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করবে। তথ্য বিবরণী।